



৫ মে ২০১৯

মানবাধিকার কর্মী ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা এডভোকেট সুলতানা কামালকে সন্ত্রাসী গোষ্ঠী কর্তৃক প্রাণনাশের হুমকি প্রদানের ঘটনায় ব্লাস্ট গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা প্রকাশ করছে

মানবাধিকার কর্মী ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা এডভোকেট সুলতানা কামালকে প্রাণনাশের হুমকির ঘটনায় ব্লাস্ট গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা জানাচ্ছে। সন্ত্রাসী গোষ্ঠী কর্তৃক প্রকাশিত ম্যাগাজিন 'লোন উলফ' এ মানবাধিকার কর্মী সুলতানা কামালসহ আরো দুইজন বিশিষ্ট নাগরিককে হত্যার হুমকির প্রেক্ষিতে গতকাল জীবনের নিরাপত্তা চেয়ে সুলতানা কামাল ধানমন্ডি থানায় সাধারণ ডায়েরী করেছেন। সুলতানা কামাল তার সমগ্র জীবন ন্যায়বিচার প্রতিষ্ঠা এবং মানবাধিকার রক্ষার জন্য লড়াই করে যাচ্ছেন তার বিরুদ্ধে এরূপ প্রাণনাশের হুমকি প্রদানকারীদের অনতিবিলম্বে আইনের আওতায় এনে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আহ্বান জানাচ্ছে ব্লাস্ট। উল্লেখ্য যে, এ বছরের মার্চে বাংলায় প্রকাশিত একটি ম্যাগাজিন 'লোন উলফ' এ হামলার হুমকি দিয়ে বিস্তারিত বিবরণ দেয় সন্ত্রাসী গোষ্ঠী।

কোন ব্যক্তির জীবনের প্রতি হুমকি প্রদান দেশের প্রচলিত আইন অনুযায়ী ফৌজদারী অপরাধ। ব্লাস্ট এ হুমকি প্রদানের ঘটনায় দায়ী ব্যক্তিদের ফৌজদারী আইনের অধীনে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ ও যথাযথ বিচারের মাধ্যমে শাস্তি প্রদান করার জোর দাবী জানাচ্ছে।

বার্তা প্রেরক

আসমা উল হোসনা, কমিউনিকেশনস স্পেশালিস্ট, ব্লাস্ট

ই-মেইল: asma@blast.org.bd